# ধান গবেষণা সমাচার

BRRI NEWSLETTER

তেত্রিশ বর্ষ    সংখ্যা ৩    চৈত্র-জ্যৈষ্ঠ ১৪২৯    April-June 2023


## ব্রিতে এগ্রোমেট ওয়েদার স্টেশন উদ্বোধন

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের (ব্রি) ১১টি আঞ্চলিক কার্যালয়ে স্থাপিত এগ্রোমেট ওয়েদার স্টেশন-এডব্লিউএস (কৃষি আবহাওয়া স্টেশন) উদ্বোধন হয়েছে গত ৯ জুলাই ২০২৩। এ উপলক্ষে গাজীপুরে ব্রির সদর দপ্তরে আয়োজিত এক অনুষ্ঠানে ব্রির মাননীয় মহাপরিচালক ড. মো. শাহজাহান কবীর প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এগ্রোমেট ওয়েদার স্টেশন উদ্বোধন করেন। বিএমডি (বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর) পরিচালিত বাংলাদেশ আবহাওয়া ও জলবায়ু সেবা আঞ্চলিক প্রকল্প এবং ডিএই (কৃষি সম্প্রসারণ অধিদপ্তর) পরিচালিত কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নয়ন প্রকল্পের আওতায় ব্রির ১১টি আঞ্চলিক কার্যালয়ে এগ্রোমেট ওয়েদার স্টেশন স্থাপিত হয়েছে। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ব্রির উচ্চশিক্ষা ও গবেষণা সমন্বয়কারী (সিএএসআর) ড. মুন্নুজান খানম।

বাকী অংশ পৃষ্ঠা ৪



## Inauguration of Agromet Weather Station at BRRI

Inauguration of Agromet Weather Station at BRRI at 11 regional stations of Bangladesh Rice Research Institute (BRRI) Agromet Weather Stations (AWS) were inaugurated on 9 July 2023. On the occasion honourable Director General of BRRI Dr Md Shahjahan Kabir inaugurated the AWSs at a programme arranged at BRRI headquarters in Gazipur and addressed the programme as Chief Guest. Agromet Weather Stations were set up at 11 regional stations of BRRI under a project titled Agriculture Weather Information System Development Project launched by Directorate of Agricultural Extension (DAE) and another project of Bangladesh Meteorological Department (BMD) titled Bangladesh Weather and Climate Services Regional Project.

*See page 4*

## 'এসডিজি বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা' শীর্ষক রিভিউ কর্মশালা অনুষ্ঠিত

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) এর টেকসই উন্নয়ন অভিষ্ট (এসডিজি) এর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা শীর্ষক রিভিউ কর্মশালা গত ২২ মে ২০২৩ তারিখে অনুষ্ঠিত হয়েছে। ব্রির মাননীয় মহাপরিচালক ড. মো. শাহজাহান কবীরের সভাপতিত্বে গাজীপুরে ব্রি সদর দপ্তরের প্রশিক্ষণ ভবনে অনুষ্ঠিত এ কর্মশালায় প্রধান অতিথির বক্তব্য রাখেন, কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (পিপিসি) মো. রুহুল আমিন তালুকদার বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ব্রির পরিচালক (গবেষণা) ড. মোহাম্মদ খালেকুজ্জামান, পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) ড. মো. আব্দুল লতিফ। কর্মশালায় ব্রির এসডিজি বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপনা করেন পরিকল্পনা ও মূল্যায়ন বিভাগের প্রধান পরিকল্পনা কর্মকর্তা ও ব্রির এসডিজি বিষয়ক ফোকাল পয়েন্ট আতিয়া রোখসানা। এছাড়া আন্ডারস্ট্যান্ডিং অফ মেটাডেটা ফর জেনারেশন এ্যান্ড রিপোর্টিং অফ এসডিজি'স ইনডিকেটরস বিষয়ে বক্তব্য উপস্থাপন করেন বাংলাদেশ

বাকী অংশ পৃষ্ঠা ৫



## Reviewing the Progress of SDG Implementation workshop

The workshop, chaired by BRRI Director General Dr Md Shahjahan Kabir, was held at the Training Building of BRRI Headquarters in Gazipur. The Chief Guest was the Additional Secretary (PPC) of the Ministry of Agriculture, Md Ruhul Amin Talukder. Special guests included BRRI Director (Research) Dr Mohammad Khalekuzzaman and Director (Administration and Common Service) Dr Md Abdul Latif. BRRI Head of Planning and Evaluation Division of BRRI and SDG Focal Point Ms Atiya Roksana presented the progress of SDG implementation at BRRI. Md Alamgir Hossain, Deputy Director and SDG Cell Focal Point of Bangladesh Bureau of Statistics (BBS), presented a speech on 'Understanding Metadata for Generation and Reporting of SDG Indicators'.

*See page 5*

## ব্রির পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) পদে ড. মো. আব্দুল লতিফ এর যোগদান

দেশের বিশিষ্ট কৃষি বিজ্ঞানী ড. মো. আব্দুল লতিফ গত ১৩ এপ্রিল ২০২৩ তারিখে বাংলাদেশ ধান গবেষনা ইনস্টিটিউট (ব্রি) এর পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) পদে দায়িত্ব গ্রহণ করেছেন। এ পদে যোগদানের আগে তিনি উদ্ভিদ রোগতত্ত্ব বিভাগের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ও বিভাগীয় প্রধান হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি ১৯৯৩ সালে এ ইনস্টিটিউটে বৈজ্ঞানিক কর্মকর্তা হিসেবে যোগদান করে গত ৩০ বছর ধরে বিভিন্ন পদে নিষ্ঠার সঙ্গে দায়িত্ব পালন করে আসছেন। ড. মো. আব্দুল লতিফ ১৯৬৫ সালে বগুড়া জেলার ধুনট উপজেলার চৌকিবাড়ি গ্রামে জন্মগ্রহণ করেন। তিনি বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় থেকে ১৯৮৭ সালে বিএসসি (এজি) সম্মান ডিগ্রি অর্জন করেন। তিনি ২০০১ সালে মালেশিয়ার পুত্রা বিশ্ববিদ্যালয় থেকে পিএইচডি ডিগ্রি লাভ করেন। বর্তমানে ড. মো. আব্দুল লতিফ বাংলাদেশের জাতীয় কৃষি গবেষণা সিস্টেম (এনএআরএস) এর আওতাধীন গবেষণা প্রতিষ্ঠানসমূহের মধ্যে অন্যতম জ্যেষ্ঠ বিজ্ঞানী। তিনি ২০১০ থেকে ২০১২ সালের জানুয়ারি পর্যন্ত মালেশিয়ার পুত্রা বিশ্ববিদ্যালয়ে পোস্ট ডক্টরাল রিসার্চার এবং ২০১২ সালের মে থেকে ২০১৪ সাল পর্যন্ত একই বিশ্ববিদ্যালয়ে সিনিয়র রিসার্চ ফেলো হিসেবে দায়িত্ব পালন করেন। দেশ-বিদেশের খ্যাতনামা জার্নালে তার ১৭২টি গবেষণামূলক প্রবন্ধ প্রকাশিত হয়েছে। গত প্রায় তিন দশকে তিনি গবেষণা সংশ্লিষ্ট কাজে জাপান, চীন, ফিলিপাইন, থাইল্যান্ড, ইন্দোনেশিয়া, কম্বোডিয়াসহ বিভিন্ন দেশ ভ্রমণ করেছেন। ব্যক্তিগত জীবনে তিনি দুই সন্তানের জনক।



## Dr Md Abdul Latif Joins as Director (Admin and Common Service) at BRRI

Dr Md Abdul Latif, a distinguished Agricultural Scientist of the country, joined Bangladesh Rice Research Institute (BRRI) on 13 April 2023 as Director (Administration and Common Service). Prior to the new position Dr Md Abdul Latif has been serving the institute as the Chief Scientific Officer and Head of the Plant Pathology Division. He began his career as a Scientific officer of the Institute in 1993 and devotedly performing his duties at different positions over the last 30 years. Dr Md Abdul Latif was born in 1965 in Chowkibari Village of Dhanut Upazila of the Bogura district. He obtained his BSc (Ag) Hons degree in 1987 from the Bangladesh Agricultural University, He did his PhD degree on Molecular Biology in 2001 from the University of Putra Malaysia, At present, he is one of the senior scientists in National Agricultural Research System (NARS) in Bangladesh. He served as a post-doctoral researcher at the University of Putra Malaysia from 2010 to January 2012 and as a senior research fellow from May 2012 to 2014 in the same uinversity. He has 172 research papers published in different prestigious journals home and abroad. He has visited some countries including Japan, Thailand, China, Indonesia, Combodia and Philippine in relation to his research works. Personally he is blessed with two children.

## শেখ হাসিনার স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষে ব্রিতে দোয়া ও আলোচনা সভা




বঙ্গবন্ধু কন্যা দেশরত্ন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এর স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষে গত ১৭ মে ২০২৩ তারিখে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের (ব্রি) উদ্যোগে দোয়া ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। গাজীপুরে ব্রি সদর দপ্তর মিলনায়তনে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন ব্রির মাননীয় মহাপরিচালক ড. মো. শাহজাহান কবীর। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ব্রির পরিচালক (গবেষণা) ড. মোহাম্মদ খালেকুজ্জামান। সভায় সভাপতিত্ব করেন ব্রির পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) ড. মো. আব্দুল লতিফ।

প্রধান অতিথির বক্তব্যে ড. মো. শাহজাহান কবীর বলেন, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ১৯৮১ সালে দেশে না ফিরলে খাদ্য ঘাটতির বাংলাদেশ আজ খাদ্য উদ্বৃতির দেশ হতো না, ডিজিটাল বাংলাদেশ হতো না। জননেত্রী শেখ হাসিনা দেশে না ফিরলে আমরা নিম্ন আয়ের দেশ থেকে মধ্যম আয়ের দেশে পরিণত হতে পারতাম না, উন্নত দেশের স্বপ্ন দেখতে পারতাম না। পদ্মাসেতু, মেট্রোরেল, বঙ্গবন্ধু টানেল, পায়রা বন্দর নির্মাণের বিষয় উল্লেখ করে ব্রির মহাপরিচালক বলেন, বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা দেশে ফিরেছেন বলেই বিস্ময়কর এসব উন্নয়ন দৃশ্যমান হচ্ছে। সারা বিশ্ব বাংলাদেশের ভূয়সী প্রশংসা করছেন।

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ বিশ্ব দরবারে মাথা উঁচু করে দাঁড়িয়েছে। তাঁর নেতৃত্বে দেশ এগিয়ে যাচ্ছে। বঙ্গবন্ধুর আদর্শ ও চেতনায়

বাকী অংশ পৃষ্ঠা ৩

## Sheikh Hasina's Homecoming Day Observed

Special prayers and discussion meeting was organized by Bangladesh Rice Research Institute (BRRI) on 17 May 2023 to mark homecoming day of Daughter of Bangabandhu Prime Minister Sheikh Hasina. The discussion was held at the auditorium of BRRI headquarters in Gazipur. BRRI Director General Dr Md Shahjahan Kabir addressed the programme as Chief Guest. BRRI Director (Research) Dr Mohammad Khalekuzzaman was present as a special guest. BRRI Director (Administration and Common Services) Dr Md Abdul Latif presided over the meeting.

In his speech Dr Md Shahjahan Kabir said if honourable Prime Minister Sheikh Hasina would not returned home, Bangladesh would not turn into a food surplus country from a food deficit country. Digital Bangladesh would not be made. If Sheikh Hasina did not return to the country, we could not have turned from a low-income country into a middle-income country, we could not have dreamed of a developed country. Noting different mega projects including Padma Bridge, Metro rail, Bangabandhu tunnel and Payra port he said these amazing developments are being visible as Sheikh Hasina returned home. Entire world is praising Bangladesh highly. Under the leadership of Sheikh Hasina Bangladesh has stood tall in world community, the country is going forward. We have to work together under her leadership for the

*See page 3*

## 13th Research Progress Review Meeting at BRRI



13th progress review meeting of research of Bangladesh Rice Research Institute (BRRI) was held on 20 June 2023. In the meeting held at the training building of BRRI headquarters in Gazipur, The progress and implementation of priority-based on going researches of the institute were reviewed. BRRI's Honourable Director General Dr Md Shahjahan Kabir presided over the meeting.

## NDC Team Visits BRRI



A 100-member-team of National Defence Course (NDC) visited Bangladesh Rice Research Institute (BRRI) on 30 May 2023 in Gazipur. BRRI Director General Dr Md Shahjahan Kabir Presided over the meeting organized on the occasion of the visit programme at the Training Complex Bhaban of the institute.

## Training News




Traning Division of BRRI organized traning programme on 'Innovation in Citizen Services' for BRRI Scientists. The programme was held at the Traning Bhaban on 3 June 2023.




Traning on 'Modern Rice Cultivation Techniques and Integrated Pest Management in Changing Claimet and Weather' at BRRI for Agriculture Extension Officer of DAE was inaugurated on 14 May 2023.

## স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষে ব্রিতে দোয়া ও আলোচনা সভা

দেশকে একটি উন্নত রাষ্ট্রে পরিণত করতে হলে আমাদের সকলকে শেখ হাসিনার নেতৃত্বে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে।

ব্রির খামার ব্যবস্থাপনা বিভাগের সিএসও এবং প্রধান মো. সিরাজুল ইসলাম এর সঞ্চালনায় আলোচনা সভায় আরও বক্তব্য রাখেন ইনস্টিটিউটের ফলিত গবেষণা বিভাগের সিএসও এবং প্রধান ড. মো. হুমায়ুন কবীর, ব্রি কর্মকর্তা কল্যাণ সমিতির সভাপতি মো. রাশেল রানা, উপ-পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) এমরান হোসেন, কৃষি অর্থনীতি বিভাগের সিনিয়র সাইন্টিফিক অফিসার লিমন দেব, ব্রি কর্মচারী কল্যাণ সমিতির সভাপতি আবুল কাশেম, বাংলাদেশ কৃষি ফার্ম শ্রমিক ফেডারেশনের সভাপতি মো. আব্দুল মজিদ, ব্রি শ্রমিক ক্লাবের সভাপতি মো. মামুন হোসেন আপেল।

সভায় ব্রির সকল বিভাগীয় ও শাখা প্রধান, ব্রিতে ক্রিয়াশীল বিভিন্ন সংগঠনের প্রতিনিধিবৃন্দ এবং সর্বস্তরের বিজ্ঞানী, কর্মকর্তা, কর্মচারী ও শ্রমিকগণ উপস্থিত ছিলেন।

## Sheikh Hasina's Homecoming Day Observed

sake of turning the country into a developed one upholding the ideal and spirit of Bangabandhu.

Chief Scientific Officer of Farm Management Department Md Sirajul Islam moderated the programme. CSO of Adaptive Research Division Dr Md Humayun Kabir, BRRI Officers' Welfare Association President Md Rashel Rana, Deputy Director (Administration and Common Service) Emran Hossain, Senior Scientific Officer of Agricultural Economic Division Limon Deb, BRRI Employee Welfare Association President Abul Kashem, Bangladesh Agricultural Farm Labour Federation President Md Abdul Mozid and BRRI Labour Club President Md Mamun Hossain Apel were among others addressed the programme. At the programme, all Division and Section Heads representatives of different organizations active in BRRI, scientists, officers, employees and labouers were also present at the programme.

# ব্রিতে বাংলা নববর্ষ ১৪৩০ উদ্‌যাপন

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটে (ব্রি) গত পহেলা বৈশাখ ১৪৩০ বাংলা নববর্ষ উদ্‌যাপিত হয়েছে। এ উপলক্ষে সকাল ১০টায় ব্রি কো-অপারেটিভ মার্কেটের সামনে থেকে একটি বর্ষবরণ শোভাযাত্রা বের হয়ে ব্রির সদর দপ্তরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে। ব্রির মাননীয় মহাপরিচালক ড. মো. শাহজাহান কবীর শোভাযাত্রার নেতৃত্ব দেন। শোভাযাত্রা শেষে প্রধান অতিথির বক্তব্যে ড. মো. শাহজাহান কবীর সবাইকে বাংলা নববর্ষের শুভেচ্ছা জানান।

এ শোভাযাত্রার ব্রির পরিচালক (গবেষণা) ড. মোহাম্মদ খালেকুজ্জামান, পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) ড. মো. আব্দুল লতিফসহ ব্রির সকল বিভাগীয় ও শাখা প্রধানগণ, সর্বস্তরের বিজ্ঞানী, কর্মকর্তা, কর্মচারী ও শ্রমিকগন উপস্থিত ছিলেন।




# Bangla New Year Celebration

The Bangladesh Rice Research Institute (BRRI) celebrated the Bengali New Year on 1st Baishakh 1430. To mark the occasion, a colourful procession was held starting from the BRRI Co-operative Market at 10 a.m, which circled various roads of the BRRI headquarters. The procession was led by the honourable Director General of BRRI, Dr Md Shahjahan Kabir. At the end of the procession, the Chief Guest Dr Md Shahjahan Kabir greeted everyone on the occasion of the Bengali New Year. The procession was attended by BRRI Director (Research) Dr Mohammad Khalekuzzaman, Director (Administration and Common Service) Dr Md Abdul Latif, and all Division and Section heads of BRRI, as well as Scientists, Officers, Employees, and labourers of all levels.

# এগ্রোমেট ওয়েদার স্টেশন উদ্বোধন

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন ব্রির পরিচালক (গবেষণা) ড. মোহাম্মদ খালেকুজ্জামান, পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) ড. মো. আব্দুল লতিফ, এএমআইএসডির প্রকল্প পরিচালক ড. মো. শাহ কামাল খান, বিএমডির এগ্রোমেট বিভাগের প্রধান ড. শামীম হাসান ভূঁইয়া, বিডব্লিউসিএসআরের উপ-প্রকল্প পরিচালক মো. রাশেদুজ্জামান । অনুষ্ঠানে ব্রির এগ্রোমেট ল্যাবের সমন্বয়কারী ও প্রিন্সিপাল সাইন্টিফিক অফিসার নিয়াজ মো. ফারহাত রহমানসহ সকল বিভাগীয় ও শাখা প্রধানগণ উপস্থিত ছিলেন। এছাড়া ব্রির আঞ্চলিক কার্যালয়ের প্রধানগণ জুম প্লাটফর্মে সংযুক্ত ছিলেন। বিএমডি এর পক্ষ থেকে এগ্রোমেট ওয়েদার স্টেশন হতে প্রাপ্ত তথ্য ব্যবহার ও স্টেশন ব্যবস্থাপনা সংক্রান্ত উপস্থাপনা করেন মো. মিনারুল ইসলাম। অনুষ্ঠান সঞ্চালনা করেন ব্রির সিনিয়র লিয়াজোঁ অফিসার মোহাম্মদ আব্দুল মোমিন।

অনুষ্ঠানে ব্রির মাননীয় মহাপরিচালক ড. মো. শাহজাহান কবীর বলেন, বর্তমান সরকার দেশের খাদ্য ও পুষ্টি নিরাপত্তা টেকসই করতে নানা পদক্ষেপ গ্রহণ করেছে। এরই ধারাবাহিকতায় ব্রির ১১টি আঞ্চলিক কার্যালয়ে এগ্রোমেট ওয়েদার স্টেশন স্থাপিত হয়েছে। এ পদক্ষেপ দেশের কৃষি সংশ্লিষ্ট গবেষণাকে আরও গতিশীল ও শক্তিশালী করবে। তিনি দেশকে এগিয়ে নিতে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলোর সমন্বিতভাবে কাজ করার ওপর গুরুত্বারোপ করেন।

ব্রির ১১টি আঞ্চলিক কার্যালয় বরিশাল, সোনাগাজী, কুমিল্লা, সাতক্ষীরা, কুষ্টিয়া, রাজশাহী, রংপুর , হবিগঞ্জ, ভাংগা, গোপালগঞ্জ এবং সিরাজগঞ্জে অবস্থিত।

অনুষ্ঠানে ব্রি কর্তৃক প্রকাশিত 'Present and Future Precipitation Scenario of Bangladesh' বইয়ের মোড়ক উন্মোচন করেন মাননীয় প্রধান অতিথি।

# Inauguration of Agromet Weather Station

Higher Education and Research Coordinator (CASR) Dr Munnujan Khanam delivered a welcome speech at the event. BRRI Director (Research) Dr Mohammad Khalekuzzaman spoke as a special guest. Director (Administration and Common Service) Dr Md Abdul Latif, Project Director of AMISD Dr Md Shah Kamal Khan, Head of Agromet Department of BMD Shamim Hasan Bhuiyan, Deputy Project Director of BWCSR Md Rasheduzzaman, Agromet Lab Coordinator and Principal Scientific Officer Niaz Md Farhat Rahman along with all division and section heads were present in the event. Besides, the heads of regional stations of BRRI were connected via virtual platform. On behalf of BMD, Md Minarul Islam gave a presentation regarding the use of information received from Agromet weather station and station management. Senior Liaison Officer Mohammad Abdul Momin moderated over the event. At the programme honourable Director General of BRRI Dr Md Shahjahan Kabir said the present government has taken several steps to make food and nutrition security of the country sustainable. In continuation of this, Agromet Weather Stations have been installed in 11 Regional Stations of BRRI. This step will further accelerate and strengthen the research related to agriculture in the country. He emphasized on the coordinated work of the concerned institutions to move the country forward. Eleven regional stations of BRRI are located in Barisal, Sonagazi, Cumilla, Satkhira, Kushtia, Rajshahi, Rangpur, Habiganj, Bhanga, Gopalganj and Sirajganj. At the programme, the honourable Chief Guest unwrapped cover of a book titled 'Present and Future Precipitation Scenario of Bangladesh' published by BRRI.

## ‘স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে স্মার্ট এগ্রিকালচার ও মাইগভ অ্যাপ্লিকেশনের ব্যবহার’

গত ৫ জুন ২০২৩ তারিখে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটে (ব্রি) ‘স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে স্মার্ট এগ্রিকালচার ও মাইগভ অ্যাপ্লিকেশনের ব্যবহার’ শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়। গাজীপুরে ব্রি সদর দপ্তরের প্রশিক্ষণ ভবনে আয়োজিত এ সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ব্রির মাননীয় মহাপরিচালক ড. মো. শাহজাহান কবীর। সভাপতিত্ব করেন ব্রির পরিচালক (গবেষণা) ড. মোহাম্মদ খালেকুজ্জামান। আইসিটি বিভাগ ও মন্ত্রীপরিষদ বিভাগের অ্যাসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রামের সহযোগিতায় ব্রি আয়োজিত সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন আইসিটি বিভাগের উপসচিব ও ন্যাশনাল কনসালটেন্ট, এটুআই মোহাম্মদ সালাহ্উদ্দিন। সেমিনারে ব্রির সকল বিভাগ ও আঞ্চলিক কার্যালয়ের প্রধানগণ ছাড়াও উপস্থিত ছিলেন এটুআই এর কনসালটেন্ট (সিনিয়র সহকারি সচিব) মুহাম্মদ শামীম কিবরিয়া, এটুআই এর কনসালটেন্ট (এডিশনাল এসপি) মো. সুমন মিয়া, এটুআই এর ক্যাপাসিটি ডেভেলপমেন্ট এক্সপার্ট শরীফ মোহাম্মদ রেজাউল করিম, এটুআই এর অফিসার মাইগভটিম তৌহিদা ফাতেমা, এটুআই এর অফিসার মাইগভটিম রাহাতিল আশিকীন। সেমিনার সঞ্চালনা করেন ব্রির পরিসংখ্যান বিভাগের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ও প্রধান ড. মো. ইসমাইল হোসেন।



অনুষ্ঠানে ড. মো. শাহজাহান কবীর বলেন, ২০৩০ সালের মধ্যে এসডিজি বাস্তবায়নে ব্রি কাজ করছে। খাদ্যের ক্ষেত্রে খাদ্যের পাশাপাশি পুষ্টির বিষয়টিও আমাদের নিশ্চিত করতে হবে। মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষণা অনুযায়ী ২০৪১ সালের মধ্যে স্মার্ট বাংলাদেশ গড়তে আমরা কাজ করছি। স্মার্ট বাংলাদেশ গড়তে হলে স্মার্ট এগ্রিকালচার ও মাইগভ অ্যাপ্লিকেশনের ব্যবহার নিশ্চিত করতে হবে। তবেই আমরা নির্দিষ্ট সময়ের মধ্যে স্মার্ট বাংলাদেশ, উন্নত বাংলাদেশ গড়তে সক্ষম হব। সে ক্ষেত্রে মেকানাইজ্‌ড কাল্টিভেশনে গুরুত্ব দিতে হবে। ব্রির মহাপরিচালক দেশ ও জাতির কল্যাণে সকলকে আন্তরিকভাবে কাজ করার আহবান জানিয়ে বলেন, ইতোমধ্যে আমরা খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জন করেছি। ভবিষ্যৎ খাদ্য নিরাপত্তা শক্তিশালী করতে ব্রি নতুন নতুন জাত এবং প্রযুক্তি উদ্ভাবনে কাজ করে যাচ্ছে। আমি মনে করি, স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে স্মার্ট এগ্রিকালচার ও মাইগভ অ্যাপ্লিকেশনের ব্যবহার বিষয়ক সেমিনারটি স্মার্ট বাংলাদেশ গড়ার ভিত্তি রচনা করবে।

## Smart Agriculture and My Gov applications for constructing Smart Bangladesh

A seminar on ‘Use of Smart Agriculture and myGov applications for the sake of constructing Smart Bangladesh’ was held at Bangladesh Rice Research Institute (BRRI) on 5 June 2023. At the seminar held at training building of BRRI headquarters in Gazipur Director General of the institute Dr Md Shahjahan Kabir was present as chief guest. BRRI Director (Research) Dr Mohammad Khalequzzaman presided over the programme. At the seminar in association with ICT Department and Cabinet Division Aspire to Innovate (A2i) programme, ICT Department Deputy Secretary and National Consultant, A2i Mohammad Salahuddin presented the key note paper. Apart from the Heads of All Divisions and Regional Station of BRRI, A2i's consultant (Senior Assistant Secretary) Muhammad Shamim Kibria, A2i's consultant (Additional SP) Md Suman Miah, A2i Capacity Development Expert Sharif Mohammad Rezaul Karim, A2i Officer (myGov team) Touhida Fatema and A2i Officer (myGov team) Rahatil Ashiqin were among others present at the programme. The seminar was conducted by Chief Scientific Officer and Head of BRRI Statistics Division Dr Md Ismail Hossain.

At the event Dr Md Shahjahan Kabir said BRRI is working to implement SDG by 2030. In terms of food we need to ensure nutrition as well as food. We are working to build Smart Bangladesh by 2041 as announced by Honourable Prime Minister. To build a smart Bangladesh, use of smart agriculture and myGov applications must be ensured. Only then we will be able to build a smart Bangladesh, a developed Bangladesh within a certain period of time. In that case, mechanized cultivation should be given importance. BRRI Director General called upon everyone to work sincerely for the welfare of the country and the nation and said that we have already achieved self-sufficiency in food. BRRI continues to develop new varieties and technologies to strengthen future food security. I think, the seminar on use of Smart Agriculture and myGov applications in building Smart Bangladesh will lay the foundation for building Smart Bangladesh.

## ‘এসডিজি বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা’ শীর্ষক রিভিউ কর্মশালা অনুষ্ঠিত

পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) এর উপ-পরিচালক ও এসডিজি সেলের ফোকাল পয়েন্ট মো. আলমগীর হোসেন।

কর্মশালায় কৃষি মন্ত্রণালয়ের বিভিন্ন দপ্তর সংস্থার প্রতিনিধি, ব্রির সকল বিভাগ, আঞ্চলিক কার্যালয় ও শাখা প্রধানগণ এসডিজি কমিটির সদস্যবৃন্দ, ডাবলিং রাইস প্রডাক্টিভিটি বইয়ের লেখকবৃন্দ এবং এসডিজি সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

প্রধান অতিথির বক্তব্যে কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (পিপিসি) রুহুল আমিন তালুকদার এসডিজি বাস্তবায়নে সকলকে আন্তরিকভাবে কাজ করার আহবান জানান। সভাপতির বক্তব্যে ব্রির মাননীয় মহাপরিচালক ড. মো. শাহজাহান কবীর বলেন, এসডিজি বাস্তবায়নে সংশ্লিষ্ট সকল সংস্থা সকল বিভাগকে সমন্বয়ের মাধমে কাজ করতে হবে। ২০৩০ সালের মধ্যে খাদ্য ও পুষ্টি নিরাপত্তা আরও শক্তিশালী করতে হবে, যাতে ভবিষ্যৎ প্রজন্মকে আরও উন্নত বাংলাদেশ উপহার দেয়া সম্ভব হয়।

## Reviewing the Progress of SDG Implementation workshop

The workshop was attended by representatives of various departments and agencies of the Ministry of Agriculture, all Division of BRRI, Regional Stations and Section heads, members of the SDG Committee, authors of the Doubling Rice Productivity book and SDG related officials.

In his speech as the Chief Guest, Mr. Ruhul Amin Talukder, Additional Secretary (PPC) of the Ministry of Agriculture, urged everyone to work sincerely for the implementation of SDGs. In his presidential address, BRRI Director General Dr Md Shahjahan Kabir said that all concerned organizations and departments need to work in coordination to implement the SDGs. By 2030, food and nutrition security needs to be further strengthened so that future generations can be gifted a more developed Bangladesh.

## ব্রির সাথে তিন বীজ কোম্পানীর সমঝোতা চুক্তি স্বাক্ষর

গত ৩১ মে ২০২৩ বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের (ব্রি) সাথে প্রযুক্তিগত সহায়তার জন্য তিনটি বীজ কোম্পানীর সমঝোতা চুক্তি স্বাক্ষর হয়েছে। কোম্পানী তিনটি হলো সুপ্রিম সীড কোম্পানী, ব্যাবিলন এগ্রো ও ডেইরী লিঃ এবং অস-বাংলা এগ্রো। এ উপলক্ষে গাজীপুরে ব্রির মহাপরিচালকের কনফারেন্স রুমে আয়োজিত অনুষ্ঠানে ব্রির পক্ষে স্বাক্ষর করেন ব্রির মাননীয় মহাপরিচালক ড. মো. শাহজাহান কবীর। সুপ্রিম সীড কোম্পানীর পক্ষে স্বাক্ষর করেন প্রতিষ্ঠানটির ব্যবস্থাপনা পরিচালক এ এইচ এম হুমায়ুন কবির, ব্যাবিলন এগ্রো ও ডেইরী লিঃ এর পক্ষে স্বাক্ষর করেন প্রতিষ্ঠানটির পরিচালক আব্দুস সালাম সিকদার এবং অস-বাংলা এগ্রোর পক্ষে স্বাক্ষর করেন প্রতিষ্ঠানটির চেয়ারম্যান ড. এ জেড এম খোরশেদ আলম চৌধুরী। চুক্তিপত্রে ইনব্রিড ও হাইব্রিড ধানের অবমুক্ত জাতের বাণিজ্যিক সম্প্রসারণ, বীজ উৎপাদন, হাইব্রিড ধানের গবেষণা সহায়তা, প্রশিক্ষণ সহায়তার বিষয় উল্লেখ রয়েছে।




অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে ব্রির মাননীয় মহাপরিচালক ড. মো. শাহজাহান কবীর বলেন, টেকসই খাদ্য নিরাপত্তা নিশ্চিত করতে কাজ করছে ব্রি। বর্তমানে আমরা খাদ্য উদ্বৃত্তের জায়গায় চলে আসছি। এটা জাতির জন্য খুবই স্বস্তিদায়ক বিষয়। খাদ্য নিরাপত্তা আরও শক্তিশালী করতে প্রাইভেট সেক্টরকে এগিয়ে নিতে আমরা সহায়তা করতে চাই। আমরা সবাই মিলে যদি দেশের জন্য কাজ করি তবে নিজেদের সক্ষমতা বাড়াতে পারব। বেসরকারি প্রতিষ্ঠানগুলোর উদ্দেশ্যে ড. কবীর বলেন, আমরা আপনাদের সবাইকে নিয়ে কাজ করতে চাই। এ সময় তিনি জনশক্তি উন্নয়ন, পলিসি, প্রযুক্তিসহ সংশ্লিষ্ট সকল বিষয়ে সহযোগিতার প্রতিশ্রুতি দেন।

ব্রির পরিচালক (গবেষণা) ড. মোহাম্মদ খালেকুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) ড. মো. আব্দুল লতিফ। অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন কৌলি সম্পদ ও বীজ বিভাগের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ও প্রধান ড. মো. আলমগীর হোসেন, উদ্ভিদ প্রজনন বিভাগের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. খোন্দকার মো. ইফতেখারুদ্দৌলা, অধিক ফলনশীল হাইব্রিড ধানের জাত উদ্ভাবন, গবেষণা ও আধুনিকায়ন, প্রকল্পের প্রকল্প পরিচালক ড. মো. জামিল হাসান ও কোম্পানী তিনটির প্রতিনিধিবৃন্দ। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ব্রির উচ্চশিক্ষা ও গবেষণা সমন্বয়কারী ড. মুন্নুজান খানম, হাইব্রিড রাইস বিভাগের প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ও প্রধান ড. মো. শফিকুল ইসলামসহ হাইব্রিড রাইস বিভাগ এবং অধিক ফলনশীল হাইব্রিড ধানের জাত উদ্ভাবন, গবেষণা ও আধুনিকায়ন, প্রকল্পের বিজ্ঞানী, কর্মকর্তাবৃন্দ। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন সিনিয়র লিয়াঁজো অফিসার মো. আব্দুল মোমিন।

## MoU signed between BRRI and three seed companies

Memoranda of Understanding (MoU) were signed between Bangladesh Rice Research Institute - BRRI and three seed companies on 31 May 2023 for technology support. The companies are Supreme Seed Company, Babylon Agro and Dairly Limited and Os Bangla Agro. BRRI Director General Dr Md Shahjahan Kabir signed on behalf of BRRI. On behalf of Supreme Seed Company Managing Director A H M Abdus Salam Shikdar signed. Director of Babylon Agro and Dairy Limited signed on behalf of his company. In another MoU, Os Bangla Agro Chairman Dr A Z M Khorshed Alam Chowdhury signed. As per the contracts, the companies will extend, produce seed, provide support to research of high breed rice and provide training support for open species of inbreed and high breed rice.

At the programme BRRI DG Dr Md Shahjahan Kabir said during his address as chief guest that BRRI is working to ensure food security. We are now being transformed into a food surplus country, which is very relaxing for a nation. We want to provide support for progress of private sector in a bid to strengthen food security. About the private companies Dr Kabir said we want to work with you all. At that time he promised to provide all sorts of supports including developing manpower, policy and technology.

BRRI Director (Research) Dr Mohammad Khalequzzaman chaired the event and Director (Administration and Common Service) Dr Md Abdul Latif delivered welcome speech. Chief Scientific Officer and Head of Genetic Resource and Seed Division Md Alamgir Hossain, Chief Scientific Officer of Plant Breeding Division Dr Khondkar Md. Iftekharuddaula, High-yielding hybrid rice variety innovation, research and modernization project's Project Director Dr Md Jamil Hasan and representatives of the three companies addressed the programme among others. BRRI higher education and research coordinator Dr Munnujan Khanam, Chief Scientific Officer and Head of Hybrid Rice Division. Md Shafiqul Islam and officials of high-yielding hybrid rice variety innovation, research and modernization project were also present at the programme. The programme was moderated by Senior Liaison Officer Md Abdul Momin.

# Celebration of Bangla Noboborsho



















**উপদেষ্টামণ্ডলী**
ড. মো. শাহজাহান কবীর
ড. মোহাম্মদ খালেকুজ্জামান
ড. মো. আব্দুল লতিফ

**সম্পাদনায়**
মো. রাশেল রানা
রকিব আহমেদ

**সহযোগিতায়**
সকল বিভাগীয় প্রধান ও
সংশ্লিষ্ট বিজ্ঞানীগণ

**ছবি**
মো. মাসুম রানা

**গ্রাফিক্স ডিজাইন**
আবুল হাছান

**মুদ্রণ**
তিথী প্রিন্টিং এন্ড প্যাকেজিং
মতিঝিল, ঢাকা।

কপি সংখ্যা: ২,০০০

প্রকাশনা নম্বর: ৩৮০

প্রকাশকাল: সেপ্টেম্বর ২০২৩

## Mofizul gets 'Jatio Paribesh Padak 2022'



*Senior Scientific Officer of Bangladesh Rice Research Institute Dr S M Mofizul Islam has received 'Jatio Paribesh Padak 2022' on 5 June 2023 for his outstanding contribution to environmental research and technological innovation.*

## Seminar held in BRRI during April to June 2023

| Speaker | Topic | Date |
|---|---|---|
| **Dr Mir Nurul Hasan Mahmud**<br>SSO, TOC, Director Research office | Polder scale surface water resources management and dry season crop production to increase cropping intensity in the coastal region. | 06 Apr |
| **Dr Md Mozammel Haque**<br>SSO, Soil Science Division | Net carbon emission and balance under rice-rice- rice growing season in a year. | 13 Apr |
| **Romana Akter**<br>SO, Agronomy Division | Nitrogen pools in wetland rice soil after urea application under different tillage and residue management. | 27 Apr |
| **Dr Mir Sharf Uddin Ahmed**<br>PSO, GRS Division | Breeder seed production and off-type rouging | 11 May |
| **Dr A S M Masuduzzaman**<br>CSO, Director Research Office | A Challenge for Breaking the Yield Ceiling of Rice through Ideotype Breeding Approach | 18 May |
| **Dr Md Sazzadur Rahman**<br>PSO, Plant Physiology Division | Ideotype design through Multi-Trait Stability Index (MTSI) in the multi-trait-multi-environment trials of rice. | 01 Jun |
| **Tamal Patra Suvo**<br>SO, BRRI RS, Shatkhira | Identification of suitable media based on hydroponic culture for production Zucchini squash | 08 Jun |
| **Dr ESM Harunur Rashid**<br>SSO, GRS Division | Rice Seed Quality: An Overview | 15 Jun |
| **Dr Partha S. Biswas**<br>CSO & Head, BRRI RS, Habiganj | Impact of application of modern breeding strategies on genetic improvement of rice for favorable Boro and cold environment. | 22 Jun |

প্রকাশনা ও জনসংযোগ বিভাগ, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর ১৭০১ থেকে প্রকাশিত ও প্রচারিত।
ফোন: ৪৯২৭২০৬১, পিএবিএক্স: ৪৯২৭২০০৫, ৪৯২৭২০১০-১৫, ফ্যাক্স: ৮৮-০২-৪৯২৭২০০০
ই-মেইল: dg@brri.gov.bd, brrihq@yahoo.com, ওয়েবসাইট: www.brri.gov.bd, www.knowledgebank-brri.org